গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
**অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প**
পরিসংখ্যান ভবন (১০ম তলা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

## Request for Expression of Interest (EoI)

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয় | পরিকল্পনা মন্ত্রণালয় |
| ২. | বিভাগ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| ৩. | ক্রয়কারী সংস্থা | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৪. | ক্রয়কারী সংস্থার নাম | এস এম শাকিল আখতার |
| ৫. | Request for Expression of Interest for | SD-2: সিনিয়র আইটি, নেটওয়ার্কিং ও সাইবার সিকিউরিটি কনসালটেন্ট |
| ৬. | EoI Ref. No. | ৫২.০১.০০০০.৬৩৫.০৭.০৩৬.২৪ 2020 |
| ৭. | তারিখ | ১৩/০৮/২০২৪ |
| ৮. | ক্রয় পদ্ধতি | SIC |
| ৯. | বাজেট ও টাকার উৎস | জিওবি |
| ০. | প্রকল্প কোড | ২২৪৩৭৯৯০০ |
| ১১. | EoI দাখিলে শেষ তারিখ ও সময় | ২৮/০৮/২০২৪ |
| ১২. | শিক্ষাগত যোগ্যতা | i. সিনিয়র আইটি ও নেটওয়ার্কিং কনসালটেন্ট পদে নিয়োগ প্রত্যাশী প্রার্থীকে কম্পিউটার সায়েন্স/তথ্য ব্যবস্থাপনা/প্রকৌশল/তথ্য প্রযুক্তি/পরিসংখ্যানে ২য় শ্রেণির অনার্স ডিগ্রী বা সমমানের সিজিপিএ সহ ২য় শ্রেণির মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে। উপর্যুক্ত বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ১৩. | অভিজ্ঞতা | তথ্য প্রযুক্তির ব্যবহার, সফটওয়্যার ও ডাটাবেজ উন্নয়ন, ডাটা ক্যাপচারিং, ডাটা প্রসেসিং, ডাটা এনালাইসিস ও রিপোর্ট প্রণয়নে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে<br>i. আগ্রহী প্রার্থীকে পরিসংখ্যানিক তথ্য ব্যবস্থাপনা, টেবুলেশন, সফটওয়্যার ও ডাটাবেজ উন্নয়ন এবং পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে।<br>ii. স্ট্যাটিসটিক্যাল সফটওয়্যার যেমন: SPSS, CSPro, Stata এবং R ব্যবহারে বিশেষ দক্ষতা থাকতে হবে।<br>iii. আগ্রহী প্রার্থীকে Java/PHP, MySQL এবং Oracle ডাটাবেজ ব্যবহারে বিশেষ দক্ষতা থাকতে হবে।<br>iv. বাংলা ও ইংরেজি লেখা ও বলায় বিশেষ পারদর্শী হতে হবে। |
| ১৪. | বয়স | প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা হবে ৫০ (পঞ্চাশ)) বছর। |
| ১৫. | দায়িত্ব | i. অর্থনৈতিক শুমারি পরিচালনার জন্য প্রকল্প দলিল /কর্মপরিকল্পনা অনুযায়ী আঞ্চলিক ও আন্তর্জাতিকমান বজায় রেখে সিনিয়র আইটি ও নেটওয়ার্কিং কনসালটেন্টকে প্রকল্প পরিচালকের নির্দেশনায় প্রকল্প টিমের সাথে একাত্ম হয়ে কাজ করতে হবে।<br>ii. অর্থনৈতিক শুমারির প্রকল্প দলিল অনুযায়ী সিনিয়র আইটি ও নেটওয়ার্কিং কনসালটেন্টকে অর্থনৈতিক শুমারি ২০২৩ পরিচালনার জন্য একটি হলিস্টিক আইসিটি প্ল্যান প্রস্তুত ও তা সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে।<br>iii. সিনিয়র আইটি ও নেটওয়ার্কিং কনসালটেন্টকে অর্থনৈতিক শুমারির আইটি সিস্টেমে ডাটা ক্যাপচারিং, ডাটা প্রসেসিং, ডাটা এনালাইসিস, টেবুলেশন, রিপোর্টিং এবং অংশীজন প্রতিষ্ঠানের সাথে আইটি লিঙ্ক স্থাপন নিশ্চিত করতে হবে।<br>iv. অর্থনৈতিক শুমারি ২০২৩ সফলভাবে বাস্তবায়নের জন্য ডেভেলপকৃত আইটি সিস্টেমটি উপযুক্ত এবং এটি যাতে সর্বদা সঠিকভাবে কাজ করে বিষয়টি সিনিয়র আইটি ও নেটওয়ার্কিং কনসালটেন্টকে নিশ্চিত করতে হবে। প্রকল্প দপ্তর/টিম এক্ষেত্রে তাঁকে সর্বাত্মক সহযোগিতা করবে।<br>v. প্রকল্প পরিচালকের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় সকল ধরনের রিপোর্ট সিনিয়র আইটি ও নেটওয়ার্কিং কনসালটেন্টকে প্রস্তুত করতে হবে। এক্ষেত্রে প্রকল্পের আইটি টিম তাঁকে সর্বাত্মক সহযোগিতা করবে।<br>vi. অর্থনৈতিক শুমারি প্রকল্প দলিল অনুযায়ী যথাসময়ে অর্থনৈতিক শুমারি পরিচালনা, প্রকাশনা প্রস্তুত ও প্রকাশনার জন্য জাতীয় পরামর্শককে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবেন।<br>vii. অর্থনৈতিক শুমারি বাস্তবায়নে সদর দপ্তর ও মাঠ পর্যায়ে নিযুক্ত কর্মকর্তা/কর্মচারী/তথ্যসংগ্রহকারীগণকে অর্থনৈতিক শুমারির সফটওয়্যার ও ডাটাবেজের ওপর যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণে সিনিয়র আইটি ও নেটওয়ার্কিং কনসালটেন্টকে গুরুত্বপূর্ণ দায়িত্ব বহন করতে হবে। প্রকল্প দপ্তর এক্ষেত্রে তাঁকে সর্বাত্মক সহযোগিতা করবে। |
| ১৬. | সময়কাল | সিনিয়র আইটি ও নেটওয়ার্কিং কনসালটেন্ট এর কার্যকাল হবে ১২ মাস। প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হলে পরামর্শকের মেয়াদ বৃদ্ধি করা হতে পারে। উল্লেখ্য, প্রকল্পের প্রয়োজনে কর্তৃপক্ষ এ সময়কালের হ্রাস-বৃদ্ধি করতে পারবে। |
| ১৭. | আউটপুট | অর্থনৈতিক শুমারি সংক্রান্ত নিম্নোক্ত কার্যাবলী সিনিয়র আইটি ও নেটওয়ার্কিং কনসালটেন্ট প্রতিপালন করবেন<br>i. অনলাইনভিত্তিক বিএসবিআর;<br>ii. অংশীজন প্রতিষ্ঠানের সাথে আইটি লিঙ্ক স্থাপন;<br>iii. অর্থনৈতিক শুমারির চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ;<br>iv. অন্যান্য প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ। |
| ১৮. | রিপোর্টিং কর্তৃপক্ষ: | অর্থনৈতিক শুমারি ২০২৩ সংক্রান্ত সিনিয়র আইটি ও নেটওয়ার্কিং কনসালটেন্ট তাঁর কর্মকান্ডের জন্য সরাসরি প্রকল্প পরিচালক ও মহাপরিচালক, বিবিএস এর নিকট দায়বদ্ধ থাকবেন। |
| ১৯. | সম্মানি/পারিতোষিক: | সিনিয়র আইটি ও নেটওয়ার্কিং কনসালটেন্টকে অবশ্যই অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প এর সাথে চুক্তিবদ্ধ হতে হবে এবং প্রকল্পের অনুমোদিত দলিল অনুযায়ী কর্মমাসের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে প্রতিবেদন জমাদান সাপেক্ষে তিনি বাংলাদেশি টাকায় সম্মানি/পারিতোষিক প্রাপ্য হবেন। |
| ২০. | কনসালটেন্ট এর সংখ্যা: | ১ (এক) জন। |
| ২১. | EoI আহবানকারীর নাম ও পদবি: | এস এম শাকিল আখতার, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প। |
| ২২. | EoI আহবানকারীর অফিস ঠিকানা: | প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, পরিসংখ্যান ভবন (১০ম তলা),ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| ২৩. | EoI আহবান কারীর যোগাযোগ ও তথ্য প্রাপ্তির স্থান: | ফোন নং:০২-৫৫০০৬৮৪৫ ,e-mail:ec24.bbs.gov.bd<br>www.bbs.gov.bd,www.cptu.gov.bd |

আগ্রহী প্রার্থীকে EoI জমা দেয়ার আমন্ত্রণ জানানো হলো। প্রার্থীকে সকল একাডেমিক সার্টিফিকেটের ফটোকপি এবং অভিজ্ঞতার সনদসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। প্রার্থীকে অবশ্যই EoI/আবেদনের সাথে জীবন বৃত্তান্ত এই EoI এ উল্লেখিত ১২ এবং ১৩ নং অনুযায়ী নিজের শিক্ষাগত যোগ্যতা এবং প্রয়োজনীয় অভিজ্ঞতা উল্লেখ করতে হবে। ক্রয়কারী সংস্থা প্রাপ্ত EoI গ্রহণ বা বাতিল করার ক্ষমতা রাখে।

২২/৮/২০২৪

এস এম শাকিল আখতার
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প
ফোনঃ ০২-৫৫০০৬৮৪৫
ইমেইল: ec24.bbs.gov.bd